

এইচএসএসি পরীক্ষা নিয়ে যেসব নির্দেশনা দিল শিক্ষা মন্ত্রণালয়

নিজস্ব প্রতিবেদক

৫ নভেম্বর ২০২২ ১২:১৬ পিএম | আপডেট: ৫ নভেম্বর ২০২২ ০২:৩২
পিএম

9
Shares



রুটি



খেলাহলে
মজাহলে

খাবার জমবে
রুটি সঙ্গে

আরও খাবার

ক্লিক করুন

সংগৃহীত ছবি

advertisement

এইচএসসি ও সমমান পরীক্ষা আগামীকাল রোববার থেকে শুরু হবে। এ বছর প্রশ্নপত্র ফাঁসের গুজবমুক্ত, নকলমুক্ত, সুষ্ঠু ও ইতিবাচক পরিবেশে পরীক্ষা সম্পন্ন করার লক্ষ্যে নির্দেশনা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। আজ শনিবার শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ

দপ্তর থেকে এ নির্দেশনা জানানো হয়।

এতে বলা হয়, পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদের অবশ্যই পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। ভারপ্রাপ্ত কর্মকর্তা ছাড়া পরীক্ষা কেন্দ্রে অন্য কেউ মোবাইল ফোন বা অননুমোদিত ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবেন না।

advertisement

পরীক্ষা শুরু হওয়ার ২৫ মিনিট আগে প্রশ্নের সেট কোড ঘোষণা করা হবে। প্রশ্নপত্র ফাঁসের গুজবসৃষ্টিকারী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। কোনো প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক কোনোভাবে পাবলিক পরীক্ষায় বেআইনি কাজ করলে সে প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান-প্রধান ও শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে এবং প্রয়োজনে পরীক্ষা কেন্দ্র বাতিল করা হবে।

advertisement 4

পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তি (যেমন পরীক্ষার্থী, কক্ষ প্রত্যবেক্ষক, মন্ত্রণালয়ের কেন্দ্র পরিদর্শন টিম, বোর্ডের কেন্দ্র পরিদর্শন টিম, জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের পরিদর্শন টিম, নিরাপত্তার দায়িত্ব নিয়োজিত আইন প্রয়োগকারী সংস্থার সদস্য) ছাড়া অন্য কেউই কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।

প্রশ্নপত্র বিতরণের আগে সময়সূচি অনুযায়ী বিষয়, বিষয় কোড, পত্র ও সেট কোড নিশ্চিত হয়ে কক্ষ পর্যবেক্ষকরা বিতরণ করবেন।

9
Shares